# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৫৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৯]

৩. কিতাবুল ইলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ ইলমের ফজীলত

بَابُ فَضْلِ الْعِلْمِ

---

আরবী

□□- عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: بَيْنَمَا النَّبِيُّ فِي مَجْلِسٍ يُحَدِّثُ الْقَوْمَ جَاءَهُ أَعْرَابِيٌّ فَقَالَ: مَتَى السَّاعَةُ؟ فَمَضَى رَسُولُ اللَّهِ يُحَدِّثُ فَقَالَ بَعْضُ الْقَوْمِ: سَمِعَ مَا قَالَ فَكَرِهَ مَا قَالَ، وَقَالَ بَعْضُهُمْ: بَلْ لَمْ يَسْمَعْ حَتَّى إِذَا قَضَى حَدِيثَهُ، قَالَ أَيْنَ أُرَاهُ- السَّائِلُ عَنِ السَّاعَةِ؟ قَالَ: هَا أَنَا يَا رَسُولَ اللَّهِ، قَالَ فَإِذَا ضُيِّعَتِ الأَمَانَةُ فَانْتَظِرِ السَّاعَةَ. قَالَ: كَيْفَ إِضَاعَتُهَا؟ قَالَ إِذَا وُسِّدَ الأَمْرُ إِلَى غَيْرِ أَهْلِهِ فَانْتَظِرِ السَّاعَةَ. (بخارى:□□)

বাংলা

৫৪) আবু হুরায়রা (রাঃ) বলেনঃ একদা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোন এক মজলিসে লোকদেরকে নিয়ে আলোচনা করছিলেন। এমন সময় এক গ্রাম্য লোক তাঁর কাছে এসে প্রশ্ন করলঃ কিয়ামত কখন হবে? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোন কথা না বলে আলোচনা অব্যাহত রাখলেন। কেউ কেউ বললঃ তিনি লোকটির কথা শুনেছেন। তবে তার কথা তিনি অপছন্দ করেছেন। আবার কিছু লোক বললঃ তার কথা তিনি শুনেন নি। পরিশেষে যখন তিনি আলোচনা শেষ করলেন তখন বললেনঃ কিয়ামত সম্পর্কে প্রশ্নকারী লোকটি কোথায়? লোকটি বললঃ হে আল্লাহর রাসূল! এই তো আমি এখানেই আছি। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ যখন আমানত নষ্ট করা হবে তখন কিয়ামতের অপেক্ষা করবে। প্রশ্নকারী লোকটি বললঃ আমানত কিভাবে নষ্ট করা হবে? উত্তরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ যখন অযোগ্য লোককে নেতৃত্বের দায়িত্ব প্রদান করা হবে তখন কিয়ামতের অপেক্ষা করবে।

## English

The superiority of knowledge

Narrated Abu Huraira:

While the Prophet (ﷺ) was saying something in a gathering, a Bedouin

came and asked him, "When would the Hour (Doomsday) take place?" Allah's Messenger (ﷺ) continued his talk, so some people said that Allah's Messenger (ﷺ) had heard the question, but did not like what that Bedouin had asked. Some of them said that Allah's Messenger (ﷺ) had not heard it. When the Prophet (ﷺ) finished his speech, he said, "Where is the questioner, who inquired about the Hour (Doomsday)?" The Bedouin said, "I am here, O Allah's Apostle ." Then the Prophet (ﷺ) said, "When honesty is lost, then wait for the Hour (Doomsday)." The Bedouin said, "How will that be lost?" The Prophet (ﷺ) said, "When the power or authority comes in the hands of unfit persons, then wait for the Hour (Doomsday.)"

## ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ৫৭
ইসলামিক সেন্টারঃ ৫৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88749

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন